# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 12.06.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে লোকসভা ভোটের জেরে থমকে যাওয়া বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ যথা সময়ে শেষ করতে মুখ্যমন্ত্রী প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

আবাস যোজনার যোগ্য উপভোক্তাদের চিহ্নিত করতে নতুন করে সমীক্ষা চালাতেও বলেছেন তিনি।

২) পথশ্রী প্রকল্পের চতুর্থ পর্যায়ে রাজ্য সরকার গ্রামীণ এলাকায় আরও ২৫ হাজার রাস্তা তৈরি করতে চলেছে ।

৩) লোকসভা ভোট পর্বে নির্বাচন কমিশনের সরিয়ে দেওয়া পুলিশ আধিকারিক ও আমলাদের আগের পদে ফিরিয়ে আনার প্রক্রিয়া শুরু করেছে রাজ্য সরকার।

৪) দক্ষিণবঙ্গের একাধিক জেলায় আজও জারি থাকছে তাপপ্রবাহের সতর্কতা।

৫) হোসে মোলিনা, মোহনবাগান সুপারজায়ান্টের নতুন কোচ হয়েছেন।

OOOOOOOOOOOOOOOOOOO

রাজ্যে লোকসভা ভোটের জেরে থমকে যাওয়া বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ যাতে সময়ে শেষ করা যায় সেজন্য প্রশাসনকে পূর্ণ শক্তি নিয়োজিত করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশ দিয়েছেন। নবান্নে গতকাল এক পর্যালোচনা বৈঠকে তিনি রাজ্যেরর বিভিন্ন প্রান্তে উন্নয়নের কাজের হাল হকিকত খতিয়ে দেখেন। কোথায় আর্থিক বরাদ্দ রয়েছে, কতটা কাজ এগিয়েছে, চলতে থাকা কাজ কতটা বাকি নতুন করে আরও কিছু লাগবে কি না, সংশ্লিষ্ট দফতরের মন্ত্রী ও আমলাদের কাছে তা জানতে চান তিনি। একইসঙ্গে আবাস প্রকল্পের যোগ্য উপভোক্তাদের চিহ্নিত খুঁজে বের করতে নতুন করে সমীক্ষা চালানোরও নির্দেশ দেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

সম্প্রতি উত্তরবঙ্গের জলপাইগুড়িতে টর্নেডোয় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত হয় সুন্দরবন-সহ উপকূলবর্তী অঞ্চল। দুর্গত এলাকার পূণর্গঠন ও বাসিন্দাদের পূনর্বাসনের কাজ দ্রুত শেষ করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন। লক্ষ্মীর ভাণ্ডার, কন্যাশ্রী, যুবশ্রী, বার্ধক্যভাতা, স্টুডেন্ট ক্রেডিট কার্ড, কৃষকভাতা, সবুজসাথী, যোগ্যশ্রী-সহ সমস্ত সরকারি প্রকল্পের সুবিধা যাতে সকলের কাছে সময় মতো পৌঁছাতে বলা হয়েছে। আসন্ন বর্ষার মরশুমকে সামনে রেখে বাঁধ মেরামতি, শস্যহানি রোধে পর্যাপ্ত ব্যবস্থা ও ডেঙ্গু নিয়ন্ত্রণে গতি আনতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পথশ্রী প্রকল্পের চতুর্থ পর্যায়ে গ্রামীণ এলাকায় আরও ২৫ হাজার রাস্তা তৈরি করতে চলেছে রাজ্য সরকার। সরাসরি মুখ্যমন্ত্রী’র হেল্পলাইনে জমা পড়া আবেদনের ভিত্তিতে এই রাস্তা তৈরির অনুমোদন দেওয়া হয়েছে। পঞ্চায়েত দফতর সূত্রে জানা গেছে, হেল্পলাইনে ৪০ হাজার গ্রামীণ রাস্তার আবেদন জমা পড়ে। তার মধ্যে ২৫ হাজার আবেদন মঞ্জুর হয়েছে।

পথশ্রী প্রকল্পের আওতায় এপর্যন্ত রাজ্যের ২২টি জেলায় ১২ হাজার কিলোমিটার রাস্তা তৈরি হয়েছে। পথশ্রী ৩ প্রকল্পের আওতায় ৩ হাজার ৪৭৫ কোটি ৪১ লক্ষ টাকা ব্যয়ে ১১ হাজার ৮৮৫ কিলোমিটার রাস্তা তৈরির কাজ অনুমোদিত হয়েছে। এই কাজ অনেকটা এগিয়েও গেছে। নির্বাচনের কারণে যেসব জায়গায় রাস্তা তৈরির কাজ শেষ করা যায়নি, সেখানে দ্রুত কাজ শুরুর উদ্যোগ নেওয়া হয়েছে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০

বাণিজ্যিক গাড়ির পথকর এককালীন জমা দিলে ছাড় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

নবান্ন থেকে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, তিন বছরের কর একসঙ্গে দিলে পনেরো, পাঁচ বছরের জন্যে ৩০ এবং ১৫ বছরের কর একসঙ্গে দিলে চল্লিশ শতাংশ পর্যন্ত ছাড় দেওয়া হবে।

উল্লেখ্য এখন ৬ টন পর্যন্ত ওজনের বাণিজ্যিক গাড়ির জন্য তিন মাস অন্তর কর জমা দিতে হয়। সেটা বাড়িয়ে এক বছর করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

করের ভাগ হিসেবে রাজ্যকে কেন্দ্রীয় সরকার ১০ হাজার ৫১৩ কোটি টাকা দেবার পরের দিনই রাজ্য সরকারী কর্মচারীদের অতিরিক্ত এক মাসের মহার্ঘ্য ভাতা দেওয়ার কথা ঘোষণা করা হলো। বিজ্ঞপ্তি দিয়ে রাজ্যের অর্থ দফতর জানিয়েছে, পয়লা এপ্রিল থেকেই বর্ধিত হারে DA পাবেন সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান, বিধিবদ্ধ সংস্থা, পঞ্চায়েত-পুরনিগম-পুরসভা, স্থানীয় স্বশাসিত সংস্থার কর্মী এবং পেনশনভোগীরা। মে মাস থেকেই তাঁরা বর্ধিত হারে DA পাচ্ছিলেন। এবার জুলাই মাসের বেতনের সঙ্গে দেওয়া হবে এপ্রিল মাসের অতিরিক্ত DA । উপকৃত হবেন প্রায় ১৪ লক্ষ সরকারি কর্মচারী।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতবছর ডিসেম্বরে এক অনুষ্ঠানে, মে মাস থেকে চার শতাংশ হারে মহার্ঘ্যভাতা দেওয়ার কথা ঘোষণা করেছিলেন। সম্প্রতি নির্বাচনী প্রচারে গিয়ে এপ্রিল থেকে DA দেওয়া হবে বলে জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

তপশিলী জাতি ও উপজাতিভুক্ত দরিদ্র মেধাবি ছাত্র ছাত্রীদের ডাক্তারি ও ইঞ্জিনিয়ারিং পাঠক্রমে ভর্তির জন্য যোগ্যশ্রী প্রশিক্ষণ প্রকল্পে এবার সংখ্যালঘু, অন্যান্য অনগ্রসর এবং সাধারন শ্রেনীভুক্তদেরও অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল এক্স হ্যান্ডলে জানিয়েছেন, এরাও একাদশ শ্রেনী থেকে এই প্রকল্পে বিনামূল্যে প্রশিক্ষনের সুবিধা পাবে। এজন্যে রাজ্যজুড়ে

প্রশিক্ষন কেন্দ্রের সংখ্যা বাড়িয়ে ৫০ ও দু হাজার প্রশিক্ষিত সহায়ক নিয়োগ করা হয়েছে। চলতি বছরে এই প্রকল্পে রাজ্যের অনেক ছাত্র ছাত্রী আইআইটির জেইই অ্যাডভান্স, রাজ্য জয়েন্ট এন্ট্রান্স ও নিটে সফল হয়েছেন বলেও পরিসংখ্যান দিয়ে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০

ডাক্তারি পাঠ্যক্রমে ভর্তির পরীক্ষা নীট ইউ জি-তে অনিয়মের অভিযোগ নিয়ে পথে নেমেছে একাধিক ছাত্র সংগঠন। তৃণমূল ছাত্র পরিষদের মেডিকেল সেল গতকাল আর জি কর হাসপাতাল থেকে শ্যামবাজার পাঁচমাথার মোড় পর্যন্ত মিছিল ও অবস্থান কর্মসূচী পালন করে।

এস এফ আই প্রতিবাদ মিছিল করে তাদের রাজ্য দফতরে থেকে এন আর এস হাসপাতাল পর্যন্ত। এতে যোগ দেন ডাক্তারি পড়ুয়ারাও। কিভাবে ৬৭ জন পরীক্ষার্থী নীটে ফুল মার্কস্ পেল, পূর্ব নির্ধারিত তারিখ ১৪-ই জুনের বদলে কেন চৌঠা জুন লোকসভার ভোট গণনার দিন নীটের ফল প্রকাশ করা হল, তা নিয়ে প্রশ্ন তুলেছেন তাঁরা।

ছাত্র পরিষদও গতকালও কলেজ স্ট্রীটে বিক্ষোভ দেখায়। এন টি এ প্রধানের পদত্যাগ দাবি করেছে তারা।

নীট দুর্নীতির তদন্তের দাবিতে প্রদেশ কংগ্রেসের তরফেও টালিগঞ্জ ফাঁড়ির সামনে বিক্ষোভ দেখানো হয়।

আগেই জানানো হয়েছে, ডাক্তারি স্নাতকস্তরে ভর্তির  পরীক্ষা নীট ইউ জি-তে অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে, জাতীয় পরীক্ষা নিয়ামক সংস্থা এন টি এ-কে নোটিশ দিয়ে জবাব তলব করেছে সুপ্রিম কোর্ট। তবে, ভর্তির কাউন্সেলিং প্রক্রিয়ায় কোন স্থগিতাদেশ দেয়নি

০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোট পর্বে নির্বাচন কমিশনের সরিয়ে দেওয়া পুলিশ  আধিকারিক ও আমলাদের আগের পদে ফিরিয়ে আনার প্রক্রিয়া শুরু করেছে রাজ্য সরকার। তারই

অঙ্গ হিসাবে গতকাল ১১ জন IPS সহ মোট ১৫ জন পুলিশ কর্তাকে পুরনো পদে ফিরিয়ে আনা হয়েছে।

সুন্দরবন পুলিশ জেলার সুপার পদে কোটেশ্বর রাও নালাওয়াত, দক্ষিণ-পশ্চিম কলকাতার ডিসি পদে সৌম্য রায়, পুরুলিয়ার পুলিশ সুপার পদে অভিজিৎ বন্দ্যোপাধ্যায়, পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপার পদে ধৃতিমান সরকার ফিরলেন। দক্ষিণ-পশ্চিম কলকাতা ডিভিশনের ডিসি ছিলেন রাহুল দে, তাঁকে STF-এর ডিসি করা হল। আশিস মৌর্যকে নির্বাচন কমিশন পুরুলিয়ার এসপি পদে বসিয়েছিল। তাঁকে আসানসোল-দুর্গাপুর পুলিশের ডিসি নিযুক্ত করা হয়েছে। পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপার পদে থাকা সোনাওয়ানে কুলদীপ সুরেশ হয়েছেন বারাকপুরের ডিসি সেন্ট্রাল। পূর্ব মেদিনীপুরের কাঁথির SDPO পদে ফিরেছেন দিবাকর দাস। দার্জিলিঙের DSP পদে আজহারউদ্দিন খানকেও ফিরিয়ে আনা হয়েছে। বসিরহাট পুলিশ জেলার মিনাখাঁয় SDPO পদে ফেরানো হয়েছে আমিনুল ইসলাম খানকে। হাওড়া গ্রামীণের DSP পদে ফিরে এসেছেন অমিতাভ কোনার।

oooooooooooooooooooo

শহরে নিরাপত্তা বাড়াতে কলকাতা পুলিশ, নির্ভয়া প্রকল্পের অধীনে ভাঙ্গর সহ বিভিন্ন জায়গায় আরো প্রায় সাড়ে পাঁচ হাজার সিসি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নিয়েছে। এজন্যে মঞ্জুর হয়েছে ৩৯ কোটি টাকা। পুজোর আগে ক্যামেরা বসানোর কাজ শেষ করতে ইতমধ্যেই ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য এই প্রকল্পে প্রথম দফায় শহরের বিভিন্ন স্কুল-কলেজে বারোশো-র বেশি ক্যামেরা বসানো হয়েছিল।

oooooooooooooooooooo

রানিগঞ্জের স্বর্ণ বিপণিতে লুঠপাটের রেশ কাটতে না কাটতেই একই কায়দায় হাওড়ার ডোমজুড়ে থানার অদূরে সোনার দোকানে ডাকাতির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতকাল বেলা সাড়ে বারোটা নাগাদ চার সশস্ত্র দুষ্কৃতী ওই সোনার দোকানে ঢুকে এক কর্মীর মাথায় বন্দুকের বাঁট দিয়ে আঘাত করে। তারপর লুটপাট চালিয়ে চম্পট দেয়।

জনবহুল এলাকায় ভর দুপুরে এভাবে ডাকাতির ঘটনায় আতঙ্কে ব্যবসায়ীরা। সিসি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ। ঘটনাস্থলে CID-র দল। তবে কত টাকার ডাকাতি হয়েছে, তা এখনও জানা যায়নি।

অন্যদিকে, রানিগঞ্জের ঘটনায় ধৃত সুরজ সিংকে জেরা করে, সনু সিংকে বিহারের সিওয়ান থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। রানীগঞ্জের পুলিশের গুলিতে আহত সনু ধানবাদ হাসপাতালে ভর্তি ছিলো। পুলিশ তাকে গ্রেপ্তার ক'রে বর্ধমান হাসপাতালে ভর্তি করেছে। হাসপাতালের সুপার ডাক্তার তাপস ঘোষ জানিয়েছেন, গুলি সোনুর শরীর ছুঁয়ে বেরিয়ে যায়, ভেতরে ঢোকেনি। তাকে পর্যবেক্ষণে রাখা হয়েছে। চিকিৎসা চলছে।

সিআইডি এবং ফরেনসিক দল গতকাল রানিগঞ্জের ঘটনাস্থল ঘুরে দেখে। নমুনাও সংগ্রহ করা হয়।

oooooooooooooooooo

গরমে হাঁসফাঁস দক্ষিণবঙ্গের মানুষ বর্ষার অপেক্ষায়। তবে, এখনও পশ্চিমী বাতাস বইতে থাকায়, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু কবে দক্ষিণবঙ্গে প্রবেশ করবে তা নিশ্চিত নয় বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

( বাইট- সোমনাথ)

আজও তীব্র তাপপ্রবাহের সতর্কতা জারি রয়েছে পশ্চিম বর্ধমান, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলার জন্য। বাঁকুড়া, ঝাড়গ্রাম, বীরভূম, পূর্ব বর্ধমান ও হুগলী জেলার কিছু অংশেও তাপপ্রবাহের পরিস্থিতি থাকার সম্ভাবনা। বাকি অংশে থাকবে অস্বস্তিকর গরম। বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে অনেক জেলায়।

এদিকে, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু সক্রিয় থাকায় উত্তরবঙ্গের সব জেলাতেই বৃষ্টি চলবে বলে জানিয়েছে আবহাওয়া দফতর। ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায়। দার্জিলিং-এও দু-এক জায়গায় আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা।

গতকাল জলপাইগুড়ি জেলার মালবাজারে কুমলাই নদীতে আচমকা জল বেড়ে যাওয়ায় একটি ট্রাক্টর ডুবে যায়। বালি তুলতে নদীর খাতে নেমেছিল ট্রাক্টরটি। দীর্ঘক্ষণের চেষ্টায় সেটিকে উদ্ধার করা হয়।

oooooooooooooooooooo

অবিরাম বৃষ্টিতে দক্ষিণ সিকিমের পর উত্তর সিকিমেও একাধিক জায়গায় ধস নেমেছে। দক্ষিণ সিকিমে ধসে চাপা পড়ে ৭-টি বাড়ি। মৃত্যু হয় তিনজনের। নতুন করে পরিস্থিতি খারাপ হওয়ায় সিকিমমুখী জাতীয় সড়ক গতকাল দীর্ঘ সময় সিংতামে বন্ধ থাকে। দার্জিলিং ও কালিম্পং-এর পাহাড়ি এলাকাতেও বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে। জল বাড়ছে তিস্তার।

oooooooooooooooooooo

দিনের তাপমাত্রা ৪১ ডিগ্রি ছাড়িয়েছিল। বিকেলে সেই বাঁকুড়া জেলারই বড়জোড়া থানা এলাকার সাহারজোড়া গ্রাম পঞ্চায়েতের দেজুড়ি গ্রামে ঝড়ের তাণ্ডবে উড়ে গিয়েছে অন্তত ২৫ টি বাড়ির চালা। স্থানীয় সূত্রে খবর, হঠাৎই আকাশ কালো মেঘে ঢেকে যায়। শুরু হয় তুমুল ঝড়-বৃষ্টি। ঝড়ের দাপটে রাস্তার উপর বেশ কিছু গাছ ভেঙ্গে পড়ায় যোগাযোগ ব্যবস্থা সাময়িক বিচ্ছিন্ন হয়ে পড়ে। বিদ্যুৎ তারও ছিঁড়েছে বলে খবর।

অন্যদিকে জয়পুরে বজ্রাঘাতে দুজনের মৃত্যু হয়েছে। জয়পুরের বিক্রমপুর এলাকায় পানীয় জলের পাইপলাইন বসানোর কাজ করতে মুর্শিদাবাদের রাণীতলা থানার নশিপুর থেকে এসেছিলেন বছর ২২ এর জনি শেখ। গতকাল কাজ চলাকালীন শুরু হয় বৃষ্টি। বজ্রাহত জনি ও তার এক সহকর্মীকে জয়পুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসক জনিকে মৃত ঘোষণা করেন। আহত ব্যক্তির চিকিৎসা চলছে।

অন্যদিকে বাঁকুড়া সদর থানার আকুরাবাদ গ্রামে ঝড় বৃষ্টির মধ্যে বাড়ির উঠোন থেকে গরু গোয়ালে নিয়ে যাওয়ার সময় বজ্রপাতে মৃত্যু হয় এক গৃহবধূর।

পূর্ব বর্ধমানের কমলপুর ও মন্তেশ্বরে গতসন্ধ্যায় বৃষ্টির সময় মাঠ থেকে গরু আনতে গিয়ে বাজ পড়ে দুজনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন একজন।

oooooooooooooooooooo

হোসে ফ্রান্সিকো মোলিনা, মোহনবাগান সুপারজায়ান্টের নতুন কোচ হয়েছেন। তিন বছর স্পেন ফুটবল ফেডারেশনের টেকনিক্যাল ডিরেক্টর ছিলেন তিনি। শারীরিক

কারণে মোহনবাগানের আইএসএল জয়ী কোচ অ্যানতোনিও লোপেজ হাবাস দায়িত্ব থেকে সরে দাঁড়ানোয়, মোলিনা তাঁর স্থলাভিসিক্ত হলেন। মোহনবাগানের কোচের দায়িত্ব পাওয়ার পর মোলিনা জানান, ঐতিহ্যশালী এই ক্লাবের কোচের দায়িত্ব পাওয়ায় তিনি গর্বিত। প্রাক্তন গোলরক্ষক মোলিনা, স্পেনের ভ্যালেন্সিয়া, আতলাতিকো মাদ্রিদ সহ বিভিন্ন ক্লাবে দীর্ঘদিন খেলেছেন।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo